# টেলিযোগাযোগ অধিদপ্তর

## জাতীয় শুদ্ধাচার কৌশল

## ২০১৯-২০

## ১ম ত্রৈমাসিক প্রতিবেদন

# সংলাগ ১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
ইউএসওএফ ব্যবস্থাপনা
www.telecomdept.gov.bd
৪২৩-৪২৮ তেজগাও শিল্প এলাকাঢাকা-১২০৮

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.৪৫১.৩৫.০০১.১৯.৭৫ তারিখ: ৩১ ভাদ্র ১৪২৬
১৫ সেপ্টেম্বর ২০১৯


বিষয়: **ডাক ও টেলিযোগাযোগ বিভাগে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন ।**

সূত্র: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র স্মারক : ১৪.০০.০০০০.০০৪.০৬.০৩.১৯-৯৪, তারিখ: ১৫.০৭.২০১৯ খ্রি: ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থিত পত্রের অনুবৃত্তিক্রমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ১৪.০৭.২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে টেলিযোগাযোগ অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নিম্নে উপস্থাপন করা হলো ।

| আলোচ্য বিষয় | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি/মন্তব্য |
|---|---|---|
| ১। নৈতিকতা কমিটি সংক্রান্ত। | প্রত্যেকটি দপ্তর/সংস্থা নিয়মিত নৈতিকতা কমিটির সভা করে কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ অব্যাহত রাখবেন এবং সভার নোটিশ এ বিভাগে প্রেরণ করবে। | টেলিযোগাযোগ অধিদপ্তরে নিয়মিত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয় এবং সভার নোটিশ ও কার্যবিবরণী ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করা হয় । |
| ২। পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা । | প্রত্যেকটি দপ্তর/সংস্থা নিয়মিত পূর্ববর্তী সভার গ্রহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এ বিভাগকে অবহিত করবেন। | টেলিযোগাযোগ অধিদপ্তর নিয়মিত পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে অবহিত করে । |
| ৩। কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহনে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারী কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত। | (ক) দপ্তর সংস্থাসমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উল্লেখিত বিষয়ের উপর আঞ্চলিক অফিসে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন করবে।<br>(খ) এ বিষয়ে এ বিভাগকে অবহিত করবে এবং প্রশিক্ষণে এ বিভাগের কর্মকর্তাদের Resource person হিসেবে নেয়া যেতে পারে। | টেলিযোগাযোগ অধিদপ্তর শুদ্ধাচার কৌশল কাঠামোতে বর্ণিত বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করে । |
| ৪। অনলাইন সেবা সংক্রান্ত । | বিটিসিএল ও ডাক অধিদপ্তর সত্বর অনলাইন Complain চালু করার বিষয়ে ব্যবস্থা গ্রহন করে এ বিভাগকে অবহিত করবে। | প্রযোজ্য নয় । |

| | | |
|---|---|---|
| ৫। পরিবীক্ষণ ও মূল্যায়ন । | এ বিষয়ে বিটিসিএল ও ডাক অধিদপ্তরকে তৎপর হতে হবে এবং আঞ্চলিক অফিসে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কার্যক্রম তথ্যাদি এ বিভাগকে অবহিত করবে। | প্রযোজ্য নয় । |
| ৬। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ । | (ক) এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ এর ৪র্থ কোয়ার্টারের ছকটি অনুমোদন প্রদান করা হলো।<br>(খ) জাতীয় শুদ্ধাচার কৌশল, কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ এর ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রযোজ্য নয় । |
| ৭। তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ । | টেশিস তথ্য কমিশন হতে অনলাইনে প্রশিক্ষণ গ্রহন করে এ বিভাগে সার্টিফিকেট প্রেরণ করবে। | প্রযোজ্য নয় । |
| ৮। শুদ্ধাচার পরিকল্পনা বাস্তবায়ন ও প্রতিবেদন সংক্রান্ত । | ১৪-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ই সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে এবং ১ম কোয়ার্টারের রিপোর্ট ২৫শে সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। | টেলিযোগাযোগ অধিদপ্তর বর্ণিত প্রতিবেদনসমূহ যথাসময়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করবে । |
| ৯। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ও নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ/ব্রিফিং । | এপিএ ও এনএসআই ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে ব্রিফিং/প্রশিক্ষণ সেশনের আয়োজন করতে হবে। | প্রযোজ্য নয় । |
| ১০। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর সার্বিক কার্যাদি । | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর সকল কার্যক্রম নিদিষ্ট সময়ে সম্পন্ন করতে হবে। | টেলিযোগাযোগ অধিদপ্তর জাতীয় শুদ্ধাচার ২০১৯-২০ এর সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ে সম্পন্ন করার জন্য সচেষ্ট রয়েছে । |



১৫-৯-২০১৯
এস. এম আতাউল করিম
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্ম সচিব, যুগ্মসচিব (নিরীক্ষা)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

# টেলিযোগাযোগ অধিদপ্তর

## জাতীয় শুদ্ধাচার কৌশল

## ২০১৯-২০

## ১ম ত্রৈমাসিক প্রতিবেদন

# সংলাগ ২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশিক্ষণ অধিশাখা
www.telecomdept.gov.bd
৪২৩-৪২৮ তেজগাও শিল্প এলাকাঢাকা-১২০৮

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১৮.২৯.০০১.১৯.২৬

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৬
০১ অক্টোবর ২০১৯

বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরে জুলাই- সেপ্টেম্বর/ ২০১৯ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ প্রশিক্ষণের তথ্য প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে তাঁর সদয় অবগতির জন্য টেলিযোগাযোগ অধিদপ্তরে জুলাই-সেপ্টেম্বর/ ২০১৯ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ প্রশিক্ষণের তথ্য নিচের ছকে প্রদত্ত হলো:

| প্রশিক্ষণ (স্থানীয়) - জুলাই/২০১৯ | | | |
|---|---|---|---|
| প্রশিক্ষণ কর্মসুচীর নাম | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণকারীর সংখ্যা | জনঘন্টা |
| নথি ব্যবস্থাপনা ও অফিস ব্যবস্থাপনা | ১দিন×৮ | ২৯ জন | ২৩২ |
| মোট | | | ২৩২ |

| প্রশিক্ষণ (স্থানীয়) - আগষ্ট/২০১৯ | | | |
|---|---|---|---|
| প্রশিক্ষণ কর্মসুচীর নাম | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণকারীর সংখ্যা | জনঘন্টা |
| ই-নথি (প্রশাসনিক) | ১দিন×২ | ২৫ জন | ৫০ |
| ই-নথি (প্রায়োগিক) | ১দিন×২ | ২৫ জন | ৫০ |
| Ms Power Point | ১দিন×২ | ৩০ জন | ৬০ |
| e-GP সিষ্টেমের উপর PE'দের প্রশিক্ষণ। | ৩দিন×৮ | ০৮ জন | ১৯২ |
| মোট | | | ৩৫২ |
| প্রশিক্ষণ (স্থানীয়) - সেপ্টেম্বর/২০১৯ | | | |
| প্রশিক্ষণ কর্মসুচীর নাম | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণকারীর সংখ্যা | জনঘন্টা |
| জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন। | ১দিন×২ | ৪৯ জন | ৯৮ |
| Ms Power Point | ১দিন×২ | ২৩ জন | ৪৬ |
| Seminar for Officials & Business Leaders of Developing Countries Involved in Telecommunications & IT Industry. | ১দিন×২ | ৪৮ জন | ৯৬ |
| PP-2006, PPR-2008 & EGP | ১দিন×২ | ৪৭ জন | ৯৪ |
| Cyber Security & Preventive Measures Related. | ১০দিন×৪ | ৫ জন | ২০০ |
| সরকারী কর্মচারী আচরন বিধিমালা,১৯৭৯ ও সরকারী কর্মচারী নিয়মিত উপস্থিত বিধিমালা ১৯৮২ | ১দিন×২ | ৪৪ জন | ৮৮ |
| সচিবালয় নির্দেশমালা-২০১৪ | ১দিন×২ | ৩০ জন | ৬০ |
| মোট | | | ৬৮২ |

ডিওটি তে মোট কর্মরত জনবল =১০৫ জন

জুলাই-সেপ্টেম্বর ২০১৯ প্রশিক্ষন ১২৬৬÷১০৫= ১২.০৫ জনঘন্টা।

১-১০-২০১৯
কে. এম. আতিকুর রহমান
উপপরিচালক

উপ-পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

# টেলিযোগাযোগ অধিদপ্তর

## জাতীয় শুদ্ধাচার কৌশল

## ২০১৯-২০

## ১ম ত্রৈমাসিক প্রতিবেদন

# সংলাগ ৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
ইউএসওএফ ব্যবস্থাপনা
www.telecomdept.gov.bd
৪২৩-৪২৮ তেজগাও শিল্প এলাকাঢাকা-১২০৮

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.৪৫১.৩৫.০০১.১৯.৭৮

তারিখ: ১ আশ্বিন ১৪২৬
১৬ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরের উত্তম চর্চার তালিকা প্রেরণ প্রসংগে।**

সূত্র: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ সম্পর্কিত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থিত স্মারকের অনুবৃত্তিক্রমে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর অনুচ্ছেদ ৫.১ এ প্রত্যেক দপ্তর/সংস্থার উত্তম চর্চার তালিকা প্রনয়ন করে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগে ৩০ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে প্রেরণের নির্দেশ রয়েছে।

এমতাবস্থায় টেলিযোগাযোগ অধিদপ্তরের উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি : টেলিযোগাযোগ অধিদপ্তরের উত্তম চর্চার তালিকা- ৪ (চার) পৃষ্ঠা।

১৬-৯-২০১৯
মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক

সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

DOT
DEPARTMENT OF TELECOMMUNICATIONS

# উত্তম চর্চা


টেলিযোগাযোগ অধিদপ্তর

ডাক ও টেলিযোগযোগ বিভাগ

ডাক , টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়



সেপ্টেম্বর ২০১৯

## ১। জাতীয় শোক দিবস উদযাপন

টেলিযোগাযোগ অধিদপ্তরে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়।

## ২। সবার জন্য নিরাপদ ইন্টারনেট

টেলিযোগাযোগ অধিদপ্তর "সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করেছে যার মাধ্যমে (১) সাইবার হুমকি সংক্রান্ত বিষয়াদি মনিটরিং ;(২) দেশের সকল IIG এবং NIX -এ যন্ত্রপাতি সংস্থাপনের মাধ্যমে সাইবার হুমকি সংক্রান্ত বিষয়াদি সনাক্তকরণ এবং সরকারি নীতিমালা অনুযায়ী তা ফিল্টারিং এর ব্যবস্থা গ্রহণ ; (৩) সাইবার অপরাধ হ্রাসে সহায়ক ভূমিকা পালন ; (৪) দেশের সামাজিক নীতি ও মূল্যবোধের সংগে সামঞ্জস্যপূর্ণ নিরাপদ ইন্টারনেট ব্যবস্থাপনা সুনিশ্চিত করায় ভূমিকা রাখা সম্ভব হচ্ছে। ফলে মোবাইল ফোন ও ইন্টারনেটের মাধ্যমে যুব সমাজের নৈতিক অবক্ষয়ের যে সমস্যাগুলি লক্ষ্য করা যাচ্ছে তা নিরসনে এ ধরণের ওয়েবসাইটের দৃশ্যমানতা বাংলাদেশ থেকে রোধ করা হচ্ছে। এ পদক্ষেপের মাধ্যমে ২২ হাজার পর্ণ ও ২ হাজার গ্যম্বলিং সাইট বন্ধ করা হয়েছে।

## ৩। সেবার মান পর্যবেক্ষণ

টেলিযোগাযোগ অধিদপ্তরের সার্বিক কার্যক্রম মনিটরিং করার লক্ষ্যে সেবা মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। কমিটি প্রতি মাসে যে প্রতিবেদন প্রদান করে তার ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। ফলে সেবার মান পর্যবেক্ষণ ও উন্নয়ণ করা সম্ভব হচ্ছে।

## ৪। অগ্নিনির্বাপক যন্ত্রপাতি স্থাপন

"সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স" প্রকল্পের নেটওয়ার্ক অপারেশন সেন্টারে স্মুক ডিটেকটরসহ অগ্নিনির্বাপক যত্রপাতি ও প্রশাসনিক ভবনের অন্যান্য স্থানে ফায়ার এক্সটিংগুইচার স্থাপন করা হয়েছে।

## ৫। ই-জিপি ব্যবহার

অধিক স্বচ্ছতা ও দ্রুততার সংগে ক্রয় কাজ সম্পন্ন করার জন্য ই-জিপি ব্যবস্থা গ্রহণ করা হয়।

## ৬। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এ.পি.এ) বাস্তবায়ন

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) যথাযথভাবে বাস্তবায়ন করা হয় ।

## ৭। জাতীয় শুদ্ধাচার কৌশল অনুশীলন

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ কাঠামো অনুসারে শুদ্ধাচার অনুশীলন করা হয় এবং বার্ষিক শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।

## ৮। উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত উদ্ভাবনী কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা হয় এবং কার্যে ও সেবায় উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়।

## ৯। ই-নথির ব্যবহার

টেলিযোগাযোগ অধিদপ্তরের সকল শাখায় ই-নথির মাধ্যমে নথি নিষ্পন্ন করা হয় । আগস্ট ২০১৯ মাসে টেলিযোগাযোগ অধিদপ্তর সারাদেশে অধিদপ্তরসমূহের মধ্যম ক্যাটাগরিতে ই-নথি ব্যবহারে ৬ষ্ট স্থান লাভ করে।

## ১০। এস.ডি.জি বাস্তবায়ন

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এস.ডি.জি.) ২০৩০ সালের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে টেলিযোগাযোগ অধিদপ্তর ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নির্দেশনা অনুসারে কাজ করছে।

## ১১। জন সচেতনামূলক পোস্টার ,ব্যানার ,লিফলেট প্রচার

টেলিযোগাযোগ অধিদপ্তর ১৫ আগস্ট জাতীয় শোক দিবস , এ অধিদপ্তরের কার্যক্রম এবং দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত বিভিন্ন পোস্টার, ব্যানার ও লিফলেট জন সচেতনার উদ্দ্যেশে প্রচার করে থাকে।

১২। **নিয়মিত প্রশিক্ষণ প্রদান**

টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে চাকরির আইন-বিধি , এপিএ , শুদ্ধাচার, ই-নথি, ই-জিপি , ইনোভেশন প্রভৃতি প্রশাসনিক বিষয়ে এবং টেলিযোগাযোগ ও অন্যান্য কারিগরি বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয় ।

১৩। **ডিজিটাল উপস্থিতি পর্যবেক্ষণ**

টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের অফিসে উপস্থিতি আঙ্গুলের ছাপ সম্বলিত ডিজিটাল এটেনডেন্স যন্ত্রপাতির মাধ্যমে নিয়মিত পর্যবেক্ষণ করা হয় এবং সেরা উপস্থিতির জন্য ৩ জন্য কর্মকর্তা ও ৩ জন কর্মচারিকে প্রণোদনা পুরস্কারের ব্যবস্থা গ্রহণ করা হয় ।

১৪। **বার্ষিক প্রতিবেদন প্রকাশ**

টেলিযোগাযোগ অধিদপ্তর এর গৃহীত বিভিন্ন কার্যক্রম, অর্জন ও কর্মপরিকল্পনার উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে ।

# টেলিযোগাযোগ অধিদপ্তর

## জাতীয় শুদ্ধাচার কৌশল

## ২০১৯-২০

## ১ম ত্রৈমাসিক প্রতিবেদন

# সংলাগ ৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
ইউএসওএফ ব্যবস্থাপনা
www.telecomdept.gov.bd

নম্বর ১৪.৩০.০০০০.৪৫১.৩৫.০০১.১৯.৫৯ তারিখ ২৫ আষাঢ় ১৪২৬
০৯ জুলাই ২০১৯

...

বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরে বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ প্রসংগে।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাক্রমে নিম্নোক্ত কর্মকর্তাগণকে টেলিযোগাযোগ অধিদপ্তরের বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করা হলো।

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি | অবস্থান | যোগাযোগের নম্বরসমূহ |
|---|---|---|---|
| ০১. | জনাব মো: রুহুল কুদ্দুস উপ-পরিচালক (লাইসেন্সিং) | জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ফোন : ৯৮৩০৯৭৭ |
| | | | ফ্যাক্স : ৯৮৩০৮০০ |
| | | | মোবাইল : ০১৫৫০১৫১৩৪৬ |
| | | | ই-মেইল : mrq_rumi@yahoo.com |
| ০২. | জনাব মোহাম্মদ মামুন অর রশীদ সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ফোন : ৯৮৩১২১১ |
| | | | ফ্যাক্স : ৯৮৩০৮০০ |
| | | | মোবাইল : ০১৫৫০১৫১৪৫৪ |
| | | | ই-মেইল : mamunr816@gmail.com |

৯-৭-২০১৯
মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :
১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
২) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন ও অর্থ, টেলিযোগাযোগ অধিদপ্তর।
৩) উপসচিব (আইন), উপসচিব (আইন)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৪) উপপরিচালক, লাইসেন্সিং অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর।

৫) সহকারী পরিচালক, প্রশিক্ষণ-২ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর ।

৬) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা,- টেলিযোগাযোগ অধিদপ্তর এর ওয়েবসাইটে এ পত্রটি শুদ্ধাচার উইন্ডোতে আপলোড করার অনুরোধ সহ ।

# টেলিযোগাযোগ অধিদপ্তর

## জাতীয় শুদ্ধাচার কৌশল

## ২০১৯-২০

## ১ম ত্রৈমাসিক প্রতিবেদন

# সংলাগ ৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
ইউএসওএফ ব্যবস্থাপনা
www.telecomdept.gov.bd

নম্বর ১৪.৩০.০০০০.৪৫১.৩৫.০০১.১৯.৬০ তারিখ ২৫ আষাঢ় ১৪২৬
০৯ জুলাই ২০১৯

...

বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরের জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা,২০১৭ অনুসারে " ডেজিগনেটেড অফিসার" নিয়োগ প্রসংগে ।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাক্রমে টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোতে বর্ণিত তথ্য অধিকার সম্পর্কিত কার্যক্রম পরিচালনার জন্য জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা,২০১৭ এর বিধি ৪ অনুসারে নিম্নোক্ত কর্মকর্তাকে " ডেজিগনেটেড অফিসার" নিয়োগ করা হলো ।

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি | অবস্থান | যোগাযোগের নম্বরসমূহ |
|---|---|---|---|
| ০১. | জনাব মো: আব্দুল ওহাব<br>উপ-পরিচালক ( প্রশাসন ) | " ডেজিগনেটেড অফিসার" | ফোন : ৯৮৩০৯৯৯<br>ফ্যাক্স : ৯৮৩০৮০০<br>মোবাইল : ০১৫৫০১৫১২৬৭<br>ই-মেইল : maohab13@yahoo.com |

২ । জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা,২০১৭ এর বিধি ৪ অনুসারে বর্ণিত কর্মকর্তা দায়িত্ব পালন করবেন ।

৯-৭-২০১৯
মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :
১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ।

২) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন ও অর্থ, টেলিযোগাযোগ অধিদপ্তর ।

৩) উপসচিব (আইন), উপসচিব (আইন)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ।

৪) উপপরিচালক, প্রশাসন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর ।

৫) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা - টেলিযোগাযোগ অধিদপ্তরের ওয়েবসাইটে এ আদেশটি শুদ্ধাচার উইন্ডোতে আপলোড করার অনুরোধ সহ ।

# টেলিযোগাযোগ অধিদপ্তর

## জাতীয় শুদ্ধাচার কৌশল

## ২০১৯-২০

## ১ম ত্রৈমাসিক প্রতিবেদন

# সংলাগ ৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রকল্প পরিচালক এর কার্যালয়
সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স প্রকল্প
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

DOT
DEPARTMENT OF TELECOMMUNICATIONS

১৪.৩০.০০০০.৫০৬.০২.০০৮.১৮/০৩

তারিখ: ০৬-১০-২০১৯ খ্রি:

বিষয়: টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যাবলীর মাসিক **(সেপ্টেম্বর'১৯)** প্রতিবেদন।

টেলিযোগাযোগ অধিদপ্তরের অধীনে বাস্তবায়নাধীন 'সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স' শীর্ষক উন্নয়ন প্রকল্পের চলতি ২০১৯-২০ অর্থ বছরের এডিপি অর্থ বরাদ্দ ও **সেপ্টেম্বর'১৯** মাস পর্যন্ত ব্যয় সংক্রান্ত তথ্যাদি উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশক্রমে নিম্নোক্ত ছকে (নির্ধারিত ছকের ৪.ক অনুসরণে) পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হলো:

| বর্তমান অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৭.৮৮<br>(সতের কোটি আটাশি লক্ষ) | ৩.২৩৪৭<br>(তিনকোটি তেইশলক্ষ সাতচল্লিশহাজার)<br>১৮.০৯%<br>(শতকরা আঠার দশমিক শুন্য নয়) | ..... | ২৫/০৯/২০১৯ খ্রি: |
| | | | |

৬/১০/১৯

(মুন্সী আবুল কাসেম)
হিসাব রক্ষণ কর্মকর্তা
ফোন: ৯৮৩ ১০৭৭।

উপ-পরিচালক (ইউএসওএফ)
টেলিযোগাযোগ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

# টেলিযোগাযোগ অধিদপ্তর

## জাতীয় শুদ্ধাচার কৌশল

## ২০১৯-২০

## ১ম ত্রৈমাসিক প্রতিবেদন

# সংলাগ ৭

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
অতিরিক্ত মহাপরিচালক (কারিগরী)-এর দপ্তর
তেজগাও, ঢাকা।

DOT DEPARTMENT OF TELECOMMUNICATIONS

স্মারক নং-১৪.৩০.০০০০.৩০০.০২.০০১.০৩ তারিখ: ২৩/০৯/২০১৯ খ্রিঃ

প্রাপক
মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি)
তেজগাও; ঢাকা।

বিষয় : সাইবার থ্রেট ডিটেকশন এ্যান্ড রেসপন্স প্রজেক্ট-এর বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন রিপোর্ট।

গত ২২/০৯/২০১৯ ইং তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি) প্রনীত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসাবে সাইবার থ্রেট ডিটেকশন এ্যান্ড রেসপন্স প্রজেক্ট-এর আওতায় স্থাপনকৃত বিভন্ন স্থাপনা/ যন্ত্রপাতি পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে জনাব মো: গোলাম সারোওয়ার হোসেন, উপ-প্রকল্প পরিচালক, সিটিডিআর প্রজেক্ট এবং জনাব সাইদ মাহমুদ, উপ-পরিচালক (আইসিটি বাস্তবায়ন) নিম্নস্বাক্ষরকারীর সংগে ছিলেন । নিম্নে তাহার বিবরন প্রদান করা হইল।

ডিপার্টমেন্ট-এর নাম: টেলিযোগাযোগ অধিদপ্তর; তেজগা্ও; ঢাকা।
কর্মপরিকল্পনার নাম: জাতীয় শুদ্ধাচার কৌশল
কার্যক্রমের নাম: ক্রমিক নম্বর-৬: প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার
ক্রমিক নম্বর: ৬-১: প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন।
প্রকল্পের নাম: সাইবার থ্রেট ডিটেকশন এ্যান্ড রেসপন্স

| পরিদর্শনকৃত স্থাপনা/ যন্ত্রপাতির নাম | মন্তব্য |
|---|---|
| ডিওটি অফিস বিল্ডিং তেজগাও ; ঢাকা-তে স্থাপনকৃত Central Management and Control (CMC)/ Network Operation Center (NOC) Room. (Core equipment, Server, Firewall, Inverter, Rectifier, Assistance Service Console, Display Board, Switch, Air conditioner, etc.) | In operation |
| বিটিসিএল; মগবাজার -এর International Internet Gateway (IIG) and National Internet Exchange (NIX) এ স্থাপনকৃত Deep Packet Inspection (DPI) Equipment এবং Aggregation Point Equipment. | In operation. |
| ডিওটি অফিস কম্পাউন্ড; তেজগাও ; ঢাকা-তে স্থাপনকৃত 11/0.4 KV ; 250 KVA Electrical Substation. | In operation |
| ডিওটি অফিস কম্পাউন্ড; তেজগাও ; ঢাকা-তে স্থাপনকৃত 125 KVA stand By Diesel Engine Generator. | In operation |

এই প্রকল্পের আওতায় DOT building-এ একটি Central Management and Control (CMC)/ Network Operation Center (NOC) স্থাপন করা হইয়াছে। ইহা পরিদর্শন করা হইয়াছে।

এই প্রকল্পের আওতায় মোট ৩২ (বত্রিশ)টি (IIG) - তে Deep Packet Inspection (DPI) Equipment installation করার ব্যাবস্থা আছে। ইহার মধ্যে ৩১ (একত্রিশ) IIG তে DPI Equipment স্থাপন করা হইয়াছে এবং ০১ (এক) টি IIG তে DPI Equipment স্থাপন করা বাকী আছে এবং সেটি স্থাপনের কাজ প্রক্রিয়াধীণ আছে বলিয়া মো: গোলাম সারোওয়ার হোসেন, উপ-প্রকল্প পরিচালক, সিটিডিআর প্রজেক্ট জানান। ইহার মধ্যে BTCL, Mogbazar IIG তে স্থাপনকৃত DPI Equipment পরিদর্শণ করা হইয়াছে।

অনুরূপভাবে, এই প্রকল্পের আওতায় মোট ০৩ (তিন) টি NIX-এ Deep Packet Inspection (DPI) Equipment installation করার ব্যাবস্থা আছে। ০১ (এক) টি NIX-এ Deep Packet Inspection (DPI) Equipment স্থাপন করা হইয়াছে এবং ০২ (দুই) টি NIX-এ DPI Equipment স্থাপন করার কাজ বাকী আছে এবং তাহা স্থাপনের কাজ প্রক্রিয়াধীণ আছে বলিয়া মো: গোলাম সারোওয়ার হোসেন, উপ-প্রকল্প পরিচালক, সিটিডিআর প্রজেক্ট জানান। ইহার মধ্যে BTCL Mogbazar NIX-এ স্থাপনকৃত DPI Equipment পরিদর্শন করা হইয়াছে।

তাহা ছাড়া এই প্রকল্পের আওতায় বিটিসিএল-এর ০৬ (ছয়) টি স্থাপনায় (মগবাজার, গুলশান, শেরে বাংলানগর, চট্টগ্রাম, কক্সবাজার এবং যশোহর) Networking Sub System (Aggregation Point) Equipment স্থাপন করা হইয়াছে বলিয়া মো: গোলাম সারোওয়ার হোসেন, উপ-প্রকল্প পরিচালক, সিটিডিআর প্রজেক্ট জানান। তন্মধ্যে, BTCL, Mogbazar স্থাপিত Networking Sub System (Aggregation Point) Equipment পরিদর্শন করা হইয়াছে।

অধিকন্তু, এই প্রকল্পের আওতায়, ডিওটি অফিস কম্পাউন্ড; তেজগাও ; ঢাকা-তে স্থাপনকৃত 11/0.4 KV Electrical Substation এবং 130 KVA stand By Diesel Engine Generator টি পরিদর্শন করা হইয়াছে।

22/09/2019

(এস. এম আতাউল করিম)
অতিরিক্ত মহাপরিচালক (কারিগরী)
টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি)
তেজগাও; ঢাকা।

# টেলিযোগাযোগ অধিদপ্তর

## জাতীয় শুদ্ধাচার কৌশল

## ২০১৯-২০

## ১ম ত্রৈমাসিক প্রতিবেদন

# সংলাগ ৮

বরাবর
মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

বিষয় : টেলিযোগাযোগ অধিদপ্তরের বিভিন্ন সেবা মনিটরিংয়ের নিমিত্তে গঠিত কমিটির জুলাই, ২০১৯ খ্রী:, মাসের প্রতিবেদন জমাদান সংক্রান্ত।

সূত্র : টেলিযোগাযোগ অধিদপ্তরের নং-১৪.০০.০০০০.২১২.০৬.৫৫২.১৮.১০, তারিখ : ৪ জুলাই, ২০১৯ খ্রি:।

সূত্রস্থিত স্মারকের পত্রের মাধ্যমে টেলিযোগাযোগ অধিদপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে অধিদপ্তরের বিভিন্ন সেবা (যেমন : পিআরএল, লাম্প গ্র্যান্ড, জিপিএফ, পেনশন) মনিটরিং করার জন্য নিম্ন-বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি সেবা মনিটরিং কমিটি গঠণ করা হয় :-

| ক্র. | কর্মকর্তার নাম | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ০১) | জনাব মো: আবু তালেব | পরিচালক (ফিকোয়েন্সি ব্যবস্থাপনা) | আহ্বায়ক |
| ০২) | জনাব মো: মাসুদ করিম | উপ পরিচালক (অর্থ) | সদস্য |
| ০৩) | জনাব আহাম্মদ উল্লাহ | বিভাগীয় প্রকৌশলী | সদস্য সচিব |

কমিটিকে দৈবচয়নের ভিত্তিতে প্রতি মাসে বিভিন্ন সেবার (৪টি) কার্যক্রম মনিটরিং একটি প্রতিবেদন সরাসরি মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। গঠিত কমিটি দৈব চয়নের মাধ্যমে অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখাসমূহ সরেজমিনে পরিদর্শন করে নথিপত্র ও আনুসঙ্গিক কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা করে প্রাপ্ত তথ্যাদির আলোকে প্রতিবেদন প্রস্তুত করেছে যা নিম্নরূপ :-

০১) <u>আবেদনকারীর যোগদান পত্র গ্রহণ/ পদস্থাপন সংক্রান্ত অফিস আদেশ জারীসহ বেতন-ভাতা প্রদান সেবা</u> :-

কমিটির সদস্যগণ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) কার্যালয়ের অধীন সহকারী পরিচালক (আইসিটি) শাখা সরেজমিনে পরিদর্শন করেন। জুলাই, ২০১৯ খ্রি: মাসের পিআরএল/ লাম্প গ্র্যান্ট মঞ্জুরীর ২০ জন আবেদনকারীর আবেদন পর্যবেক্ষন করা হয়। তন্মধ্যে ২০ জন আবেদনকারীর যোগদান পত্র গ্রহণ, পদস্থাপনের অফিস আদেশ জারীসহ এতদ সংক্রান্ত কার্যাদি সন্তোষজনকভাবে সম্পন্ন হয়েছে মর্মে কমিটির সদস্যগণ পর্যবেক্ষন করে। ফলে আবেদনকারীগণের বেতন-ভাতাদি গ্রহণের সেবা নিশ্চিত করা হয়েছে।

০২) <u>পিআরএল/ লাম্প গ্র্যান্ট মঞ্জুরী সেবা</u> :-

একই শাখায় পিআরএল/ লাম্প গ্র্যান্ট ভোগের নিমিত্তে উল্লেখিত ২০ জন আবেদনকারীর পিআরএল/ লাম্প গ্র্যান্ট মঞ্জুরীর প্রশাসনিক আদেশ যথা সময়ে সন্তোষজনকভাবে তথা পিআরএলে গমনের তারিখের পূর্বেই জারী হয় বলে কমিটির পরিদর্শনকালে নিশ্চিত হয়।

সহকারী পরিচালক (হিসাব) শাখা পরিদর্শন করে দেখা যায় জুলাই, ২০১৯ খ্রি: মাসে পিআরএল/ লাম্প গ্র্যান্ট প্রশাসনিক মঞ্জুরীপত্র প্রাপ্তি সাপেক্ষ্যে মোট ৩৫ টি আবেদনের মধ্যে ২৭ টি আবেদনপত্রের বিপরীতে লাম্প গ্র্যান্ট অর্থ প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ শাখায় প্রেরণ করে। মাস শেষে ৮ টি আবেদন পেন্ডিং দেখতে পাওয়া যায়।

উল্লেখ্য যে, ৩৫ টি আবেদনপত্রের মধ্যে ৮ টি আবেদনপত্র মাসের শেষ কার্য দিবসের পূর্বে জমা পড়ায় নিষ্পত্তি কার্যক্রম সম্পন্ন করা যায়নি বলে সহকারী পরিচালক কমিটিকে অবহিত করেন।

০৩) জিপিএফ সেবা :-

সহকারী পরিচালক (হিসাব) শাখায় জুলাই, ২০১৯ খ্রি: মাসের মোট ১১৭ টি আবেদনপত্র পাওয়া যায় যার মধ্যে ১০২ টি আবেদনপত্র সন্তোষজনকভাবে নিষ্পত্তিকৃত বলে কমিটিকে জানানো হয়। কমিটি পরিদর্শনকালে উহার সত্যতা পান। অবশিষ্ট ১৯ টি আবেদনপত্র নিষ্পত্তির প্রক্রিয়াধীন আছে মর্মে কমিটিকে জানানো হয়।

০৪) পেনশন সেবা :-

পরিচালক (অর্থ ও হিসাব) এর অধীন সহকারী পরিচালক (অর্থ) শাখা সরজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, জুলাই, ২০১৯ খ্রি: মাসে মোট ৫১ টি আবেদন জমা পড়ে। পুর্বের ১৬টি আবেদন পত্রসহ ৬৭টে আবেদনের মধ্যে ৫৫টি আবেদন নিষ্পত্তি করে প্র.হি.র. কর্মকর্তা (তার ও দুরালাপনী) বরাবরে প্রেরণ করা হয়। অবশিষ্ট ১২টি আবেদনের প্রয়োজনীয় কাগজপত্র ইত্যাদি না থাকায় নিষ্পত্তি করা যায় নি বলে সহকারী পরিচালক (অর্থ) অবহিত করেন।

উক্ত প্রতিবেদনখানা সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| | | |
|---|---|---|
| ০৪.০৮.২০১৯ | | |
| **(মো: রুহুল কুদ্দুস)** | **(মো: মাসুদ করিম)** | **(মো: আবু তালেব)** |
| উপ-পরিচালক ট্যারিফ (ছুটি বিকল্প) ও | উপ পরিচালক (অর্থ) ও | পরিচালক (ফিকোয়েন্সি ব্যবস্থাপনা) ও |
| সদস্য সচিব, গঠিত কমিটি | সদস্য, গঠিত কমিটি | আহ্বায়ক, গঠিত কমিটি |

বরাবর
মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

বিষয় : টেলিযোগাযোগ অধিদপ্তরের বিভিন্ন সেবা মনিটরিংয়ের নিমিত্তে গঠিত কমিট আগষ্ট, ২০১৯ খ্রী:, মাসের প্রতিবেদন জমাদান সংক্রান্ত।

সূত্র : টেলিযোগাযোগ অধিদপ্তরের নং-১৪.০০.০০০০.২১২.০৬.৫৫২.১৮.১০, তারিখ : ৪ জুলাই, ২০১৯ খ্রি:।

সূত্রস্থিত স্মারকের পত্রের মাধ্যমে টেলিযোগাযোগ অধিদপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে অধিদপ্তরের বিভিন্ন সেবা (যেমন : পিআরএল, লাম্প গ্র্যান্ড, জিপিএফ, পেনশন, বকেয়া বেতনাদি ইত্যাদি) মনিটরিং করার জন্য নিম্ন-বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি সেবা মনিটরিং কমিটি গঠণ করা হয় :-

| ক্র. | কর্মকর্তার নাম | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ০১) | জনাব মো: আবু তালেব | পরিচালক (ফিকোয়েন্সি ব্যবস্থাপনা) | আহ্বায়ক |
| ০২) | জনাব মো: মাসুদ করিম | উপ পরিচালক (অর্থ) | সদস্য |
| ০৩) | জনাব আহাম্মদ উল্লাহ | বিভাগীয় প্রকৌশলী | সদস্য সচিব |

কমিটিকে দৈবচয়নের ভিত্তিতে প্রতি মাসে বিভিন্ন সেবার (৪টি) কার্যক্রম মনিটরিং একটি প্রতিবেদন সরাসরি মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। গঠিত কমিটি দৈব চয়নের মাধ্যমে অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখাসমূহ সরেজমিনে পরিদর্শন করে নথিপত্র ও আনুসঙ্গিক কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা করে প্রাপ্ত তথ্যাদির আলোকে প্রতিবেদন প্রস্তুত করেছে যা নিম্নরূপ :-

০১) আবেদনকারীর যোগদান পত্র গ্রহণ/ পদস্থাপন সংক্রান্ত অফিস আদেশ জারীসহ বেতন-ভাতা প্রদান সেবা :-

কমিটির সদস্যগণ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) কার্যালয়ের অধীন সহকারী পরিচালক (আইসিটি) শাখা সরেজমিনে পরিদর্শন করেন। আগষ্ট, ২০১৯ খ্রি: মাসের পিআরএল/ লাম্প গ্র্যান্ট মঞ্জুরীর ২৭ জন আবেদনকারীর আবেদন পর্যবেক্ষন করা হয়। তন্মধ্যে ২৬ জন আবেদনকারীর যোগদান পত্র গ্রহণ, পদস্থাপনের অফিস আদেশ জারীসহ এতদ সংক্রান্ত কার্যাদি সন্তোষজনকভাবে সম্পন্ন হয়েছে মর্মে কমিটির সদস্যগণ পর্যবেক্ষন করে। ফলে আবেদনকারীগণের বেতন-ভাতাদি গ্রহণের সেবা নিশ্চিত করা হয়েছে। উল্লেখ্য যে, একজন কর্মচারীর আবেদনের সহিত প্রয়োজনীয় কাগজপত্রাদি বিলম্বে প্রদানের ফলে তাঁহার আবেদনখানা পেন্ডিং হয়ে পড়ে যা বর্তমানে নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

০২) পিআরএল/ লাম্প গ্র্যান্ট মঞ্জুরী সেবা :-

একই শাখায় পিআরএল/ লাম্প গ্র্যান্ট ভোগের নিমিত্তে উল্লেখিত ২৬ জন আবেদনকারীর পিআরএল/ লাম্প গ্র্যান্ট মঞ্জুরীর প্রশাসনিক আদেশ যথা সময়ে সন্তোষজনকভাবে তথা পিআরএলে গমনের তারিখের পূর্বেই জারী হয় বলে কমিটির পরিদর্শনকালে নিশ্চিত হয়।
সহকারী পরিচালক (হিসাব) শাখা পরিদর্শন করে দেখা যায় আগষ্ট, ২০১৯ খ্রি: মাসে পিআরএল/ লাম্প গ্র্যান্ট প্রশাসনিক মঞ্জুরীপত্র প্রাপ্তি সাপেক্ষ্যে মোট ২৩ টি (পূর্ববর্তী মাসের জের ০৮টি সহ) আবেদনের মধ্যে ২২ টি আবেদনপত্রের বিপরীতে লাম্প গ্র্যান্ট অর্থ প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ শাখায় প্রেরণ করে। মাস শেষে ০২ টি আবেদন পেন্ডিং দেখতে পাওয়া যায়।

০৩) জিপিএফ সেবা :-

সহকারী পরিচালক (হিসাব) শাখায় আগষ্ট, ২০১৯ খ্রি: মাসের মোট ১১০ টি (পূর্ববর্তী মাসের জের ১৯টি সহ) আবেদনপত্র পাওয়া যায় যার মধ্যে ১০৪ টি আবেদনপত্র সন্তোষজনকভাবে নিষ্পত্তিকৃত বলে কমিটি সরেজমিনে পরিদর্শনকালে দেখতে পান। অবশিষ্ট ০৬ টি আবেদনপত্র নিষ্পত্তির প্রক্রিয়াধীন আছে মর্মে কমিটি দেখতে পায়।

০৪) পেনশন সেবা :-

পরিচালক (অর্থ ও হিসাব) এর অধীন সহকারী পরিচালক (অর্থ) শাখা সরজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, আগষ্ট, ২০১৯ খ্রি: মাসে মোট ১২ টি আবেদন জমা পড়ে। পূর্ববর্তী মাসের ১২ টি সহ ২৪টি আবেদনের মধ্যে ০৮টি আবেদন নিষ্পত্তি করে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (তার ও দুরালাপনী) বরাবরে প্রেরণ করা হয়। অবশিষ্ট ১৬টি (প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (তার ও দুরালাপনী) কার্যালয় থেকে ফেরত ০১ টি সহ) আবেদনের প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় নিষ্পত্তি করা যায়নি মর্মে সহকারী পরিচালক (অর্থ) অবহিত করেন। তবে এক মাসের অধিক সময় ধরে কোন পেন্ডিং আবেদন এই দপ্তরে পাওয়া যায়নি। এখানে উল্লেখ্য যে, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় আগষ্ট, ২০১৯ মাসের ০৮ টি সহ পূর্ববর্তী মাসের ১০৪ টি তথা সর্বমোট ১১২ টি আবেদনের মধ্যে ৫৫ টি আবেদন যথাযথভাবে নিষ্পত্তি করে। ফেরত ০১ টি আবেদনসহ ৫৭ টি আবেদনের মধ্যে ৫৬ টি আবেদন প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে।

০৫) বকেয়া বেতন ভাতাদি প্রাপ্তি সেবা :-

পরিচালক (অর্থ ও হিসাব) এর অধীন সহকারী পরিচালক (অর্থ) শাখা সরজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, আগষ্ট, ২০১৯ খ্রি: মাসে মোট ০২ টি আবেদন জমা পড়ে এবং ০২টি আবেদন নিষ্পত্তি করা হয়েছে। কোন পেন্ডিং আবেদন এই দপ্তরে পাওয়া যায়নি।

০৬) ফেরত/ অফেরতযোগ্য জিপিএফ প্রাপ্তি সেবা :-

সহকারী পরিচালক (অর্থ) শাখা সরজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, পূর্ববর্তী মাসের জের ০৪ টি সহ আগষ্ট, ২০১৯ খ্রি: মাসের ৬৮ টি আবেদনপত্র তথা সর্বমোট ৭২ টি আবেদনপত্রের মধ্যে ৫৫ টি আবেদন নিষ্পত্তিকৃত এবং বাকী ১৭ টি আবেদন নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে।

উক্ত প্রতিবেদনখানা সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| | | |
|---|---|---|
| (আহাম্মদ উল্লাহ) | (মো: মাসুদ করিম) | (মো: আবু তালেব) |
| উপ-পরিচালক ট্যারিফ | উপ পরিচালক (অর্থ) | পরিচালক (ফিকোয়েন্সি ব্যবস্থাপনা) |
| ও | ও | ও |
| সদস্য সচিব, গঠিত কমিটি | সদস্য, গঠিত কমিটি | আহ্বায়ক, গঠিত কমিটি |